গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
বরিশাল ।
Email:barisal@cs.dghs.gov.bd

স্মারক নং-৪৫.০১.০৬০০.১৮৪.১১.০০১.২৪-

তাং /০৪/২০২৪ খ্রিঃ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর স্মারক নং- স্বাসেবি/প্রশা-১/এডি/১সি-১৩/২০১১-১১৫, তাং-১৫/০১/২০২৪ খ্রিঃ মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, বরিশাল ও তার নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে স্থায়ী রাজস্ব খাতের অন্তর্ভুক্ত ১৩-১৯ গ্রেডভুক্ত(পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেনী) নিম্নলিখিত পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বরিশাল জেলার স্থায়ী বাসিন্দা (বাংলাদেশের প্রকৃত নাগরিক) এর নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে http://csbarishal.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইন (Online) এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যানবিদ | ০৪(চার)টি | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/গণিত/অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ০২ | কম্পিউটার অপারেটর | ০২(দুই)টি | গ্রেড-১৩(১১,০০০-২৬৫৯০/-) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞানে সম্মান (স্নাতক) বা সমমানের ডিগ্রী।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত।<br>(গ) কম্পিউটার টাইপিং এর ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলা প্রতি মিনিটে ২৫ শব্দ এবং ইংরেজি প্রতি মিনিটে ৩০ শব্দ।<br>(ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং সহ ই-মেইল, ফ্যাক্স,ব্রাউজিং ইত্যাদি চালনায় অভিজ্ঞতা ও দক্ষতা। |
| ০৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩(তিন)টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং সহ ই-মেইল, ফ্যাক্স,ব্রাউজিং চালনায় অভিজ্ঞতা ও দক্ষতা।<br>(গ) কম্পিউটার টাইপিং এর ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলা প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজি প্রতি মিনিটে ২০ শব্দ। |
| ০৪ | স্বাস্থ্য সহকারী | ৮২(বিরাশি)টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |
| ০৫ | স্টোর কিপার | ০৫(পাঁচ)টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>(খ) স্টোর কিপার পদধারীগণকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। |
| ০৬ | ড্রাইভার | ০২(দুই)টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স।<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। |
| ০৭ | ল্যাব এ্যাটেনডেন্ট | ০২(দুই)টি | গ্রেড-১৯ (৮৫০০-২০৫৭০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |

https://freejobalert4u.com

**শর্তাবলীঃ**

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও জাতীয় পরিচয়পত্র অনুযায়ী বরিশাল জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। আবেদনকারীর বয়স ০৪/০৪/২০২৪ ইং তারিখে সর্বনিম্ন ১৮(আঠারো) এবং সর্বোচ্চ ৩০(ত্রিশ) বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান / শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২(বত্রিশ) বৎসর। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধার নাতী-নাতনিদের বয়সসীমা সর্বোচ্চ ৩০(ত্রিশ) বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে প্রমাণক হিসেবে এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ দাখিল করতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। সকল প্রার্থীর আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র, লিখিত, মৌখিক ও ব্যবহারিক(প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

৪। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধি/প্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-৪/২০২৮/৬৩৫৪,তাং-১১/১২/২০১৮ খ্রিঃ মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যারা পরিসংখ্যানবিদ ও স্বাস্থ্য সহকারী পদে অনলাইনে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

৫। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও গাড়ী চালক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে নিয়োগবিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হবেন।

৬। আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। আবেদনের সময় শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি উল্লেখ না থাকলে পরবর্তীতে বিবেচনা করা হবে না। বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রণালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

৭। সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ( NOC)-এর মূল কপি জমা দিতে হবে।

৮। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি বিধান প্রতিফলিত হবে। https://freejobalert4u.com

৯। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) পদের জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন(এক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ড অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে)। তবে সংশ্লিষ্ট শূন্য পদের ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া না গেলে অন্য ওয়ার্ডের যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে।

১০। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) ও সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

১১। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভুল/ভিন্ন তথ্য দিয়ে একাধিক ফরম পূরণ করে একাধিক প্রবেশ পত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে অসদাচরন করলে পরীক্ষার পূর্বে ও পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে এবং প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন ব্যক্তি ফৌজদারী অপরাধে দন্ডিত হলে কিংবা কোন সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

**১৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ও সময়সীমা নিম্নরুপঃ**

(ক) আগ্রহী পদ প্রার্থীগণ http://csbarishal.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফরম পূরণ করতে হবে।

(খ) Online - এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৪/০৪/২০২৪ ইং সকাল ০৯.০০ ঘটিকা।

(গ) Online - এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৪/০৪/২০২৪ইং বিকাল ০৪.০০ ঘটিকা।

(ঘ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS- এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১৪। Online- এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ Pixel × প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ Pixel × প্রস্থ ৮০Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

১৫। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online -এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৬। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

**১৭। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ**

Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID , ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন ভুল তথ্য থাকে বা অস্পষ্ট ছবি(সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভূল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২(দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ১৩ গ্রেড থেকে ১৬ গ্রেড পর্যন্ত ২০০/-(দুইশত) টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ মোট (অফেরতযোগ্য) ২২৩/-(দুইশত তেইশ) টাকা এবং ১৭ গ্রেড থেকে ২০ গ্রেড পর্যন্ত ১০০/-(একশত) টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ মোট (অফেরতযোগ্য) ১১২/-(একশত বারো) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- এর আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

CSBARISHAL ‹space› User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example:** CSBARISHAL **ABCDEF Send to 16222.**

Reply SMS: Applicant's name, Tk.223/- will be charged as application fee. Your PIN is XXXXXXXX.

To pay fee Type CSBARISHAL ‹space› YES ‹space› PIN and send to 16222 ।

**দ্বিতীয় এসএমএস:**

CSBARISHAL ‹space› YES ‹space› PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example:** CSBARISHAL **YES 12345678**

Reply SMS: Congratulations Applicant's Name, payment complete successfully for CSBARISHAL Application for (post name) User ID is (ABCDEF) and password (XXXXXXXX).

১৮। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://csbarishal.teletalk.com.bd অথবা www. csbarishal.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

১৯। SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

২০। শুধুমাত্র teletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরূদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলে:

https://freejobalert4u.com

CSBARISHAL ‹space› HELP ‹space› USER ‹space› USER ID and send to 16222.

**Example:** CSBARISHAL **HELP USER ABCDEF**

(খ) PIN Number জানা থাকলে:

CSBARISHAL ‹space› HELP ‹space› PIN ‹space› PIN Number and send to 16222.

**Example:** CSBARISHAL **HELP PIN 12345678**

২১। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা barisal@cs.dghs.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ http://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর Subject এ Organization Name: CSBARISHAL, Post Name: *** Application User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

২২। প্রাথামিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমুহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং একসেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারী প্রথম শ্রেনির কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ সীলমোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদ/প্রত্যয়ন পত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।

(খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্র।

(গ) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) জাতীয়তা সনদপত্র।

(ঘ) ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙিন সত্যায়িত ছবি।

(চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদপত্র/প্রমাণক। মুক্তিযোদ্ধার সন্তান, সন্তানের সন্তান, কোটার আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যানের সনদ থাকতে হবে।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠি (উপজাতি) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র।

(জ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে (ন্যুনতম ২১ দিনের মৌলিক প্রশিক্ষণ সনদ) আনসার ভিডিপির জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত ।

(ঞ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক।

(ট) Download কৃত Applicant's Copy এর সত্যায়িত কপি।

২৩। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন। অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এই বিষয়ে কোন প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না।

২৪। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা (টিএ,ডিএ) দেওয়া হবে না।

২৫। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপটেস্ট করতে হবে। **ডোপটেষ্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।**

২৬। যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

২৭। লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিভিল সার্জনের কার্যালয়ের নোটিশ বোর্ড ও (www.cs.barisal.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়া QR Code স্ক্যানের মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ও ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

**২৮। ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

https://freejobalert4u.com

(ডা. মারিয়া হাসান)
সিভিল সার্জন, বরিশাল
ও সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণির জনবল নিয়োগ কমিটি।

স্মারক নং-৪৫.০১.০৬০০.১৮৪.১১.০০১.২৪-৭২৫(১০০) তাং ৬/০৪/২০২৪ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।)

০১। সিনিয়র সচিব,জনপ্রশাসন মন্ত্রনালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম সচিব(প্রশাসন)।
০২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব(প্রশাসন-১)।
০৩। সচিব,বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়,পুরাতন বিমান বন্দর,তেজগাঁও,ঢাকা।
০৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক(সমন্বয়)।
০৫। পরিচালক (প্রশাসন),স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা-১২১২।
০৬। পরিচালক (অর্থ)স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা-১২১২।
০৭। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। উপরোক্ত বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
০৮। পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ,বরিশাল।
০৯। জেলা প্রশাসক, বরিশাল।
১০। পুলিশ সুপার, বরিশাল।
১১। সিভিল সার্জন .................(সকল)।
১২। তত্ত্বধায়ক......................(সকল)
১৩। সহকারি পরিচালক বাংলাদেশ কর্মকমিশন,বরিশাল।
১৪। উপ-পরিচালক,পরিবার পরিকল্পনা কর্মকর্তা,বরিশাল।
১৫। জেলা প্রাণী সম্পদ মন্ত্রণালয়,বরিশাল।
১৬। উপ-পরিচালক,ইসলামিক ফাউন্ডেশন,বরিশাল।
১৭। জেলা শিক্ষা কর্মকর্তা,বরিশাল।
১৮। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা,বরিশাল।
১৯। জেলা তথ্য কর্মকর্তা,বরিশাল।
২০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর/বাকেরগঞ্জ/বাবুগঞ্জ/বানারীপাড়া/হিজলা/মুলাদি/মেহেন্দিগঞ্জ/উজিরপুর/আগৈলঝড়া/গৌরনদী (বিজ্ঞপ্তিটি আপনার অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
২১। জেলা একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, বরিশাল।
২২। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,বরিশাল।
২৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সদর/বাকেরগঞ্জ/বাবুগঞ্জ/বানারীপাড়া/হিজলা/মুলাদি/মেহেন্দিগঞ্জ/উজিরপুর/আগৈলঝড়া/গৌরনদী।
২৪। সম্পাদক,দৈনিক ইত্তেফাক/The Daily observer, ঢাকা/দৈনিক মতবাদ (স্থানীয় বাংলা),বরিশাল। উপরোক্ত বিজ্ঞপ্তিটি আপনার প্রকাশিত পত্রিকায় ০১(এক) দিন প্রকাশকরণ এবং প্রকাশিত পত্রিকার নমুনা কপি ০৫(পাঁচ) সেট নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
২৫। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং # ৩/এ, ৫/এ, ৭/এ, রোড#১৭, গুলশান-১, ঢাকা-১২১২। (উল্লেখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
২৬। পরিসংখ্যানবিদ, অত্র কার্যালয়। ই-মেইল/ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য বলা হলো।
২৭। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
২৮। অফিস নথি।

০৬/০৪/২০২৪

(ডা. মারিয়া হাসান)
সিভিল সার্জন, বরিশাল
ও সদস্য সচিব